

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ৭০৬. ২০১৫- ৪১৯

তারিখঃ ২০/০২/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-১৩৫১৩/২০১৫ মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্রঃ এ বিভাগের পৌর-২ শাখার গত ২৪-০১-২০১৬খ্রিঃ তারিখের ৫০ সংখ্যক স্মারক।

ব্রাহ্মণবাড়ীয়া জেলাধীন আশুগঞ্জ পৌরসভা গঠনের লক্ষ্যে আশুগঞ্জ উপজেলাধীন ৪টি ইউনিয়নের ৭টি মৌজার পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার গণবিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে জটনৈক মোঃ সেলিম মিয়া বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৫১৩/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত গত ১৫-১২-২০১৫খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৩(তিন) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশের প্রেক্ষিতে সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতাসহ আইনগত কার্যক্রম গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে আইন-১ অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের সার্টিফাইড কপি সংগ্রহপূর্বক সরকার পক্ষে আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকেটকরণ এবং মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


২০.০২.১৬
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া
বেসরকারি-প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। সহকারী সচিব (পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।